

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪০৯

আগরতলা, ৩০ সেপ্টেম্বর, ২০২৪

ত্রিপুরার রাজ্যপালের মিজোরামের  
অতিরিক্ত রাজ্যপাল হিসেবে শপথ



মিজোরামের রাজধানী আইজলে রাজভবনের দরবার হলে আজ সকালে মিজোরামের রাজ্যপাল হিসেবে ত্রিপুরার রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু শপথ গ্রহণ করেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লুকে শপথবাক্য পাঠ করান গৌহাটি হাইকোর্টের বিচারপতি জাস্টিস নেলসন সাইলো। মিজোরামের রাজ্যপাল হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণের জন্য রাষ্ট্রপতি যে আদেশ জারি করেছেন তা পাঠ করেন মিজোরামের মুখ্যসচিব ডা. রেণু শর্মা। আজকের শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মিজোরামের মুখ্যমন্ত্রী পু লালডুহোমা, মিজোরাম বিধানসভার অধ্যক্ষ পু লালবিয়াকজামা, স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী পু কে সপডাঙ্গা, মন্ত্রিসভার অন্যান্য সদস্যগণ, লোকসভার সাংসদ, ডিজিপি ও আমন্ত্রিত অতিথিগণ।

শপথ গ্রহণের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু মিজোরামের মুখ্যমন্ত্রী ও আধিকারিকদের সাথে এক আলোচনাকালে সেখানকার আইন শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে খোঁজখবর নেন। উল্লেখ্য, তেলেঙ্গানা রাজ্যের নালগোন্ডা জেলার গনুগা বান্দা গ্রামে ১৯৪৯ সালের ৩১ মার্চ তারিখে জন্ম রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু অবিভক্ত অন্ধ্রপ্রদেশের বিধানসভায় তিনবার সদস্য হিসেবে নির্বাচিত হয়েছিলেন।

\*\*\*\*\*